# অধিভুক্তি বাতিল হলে ঢাকা অচলের হুমকি ৭ কলেজের

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক
৬ আগস্ট ২০১৯ ০০:০০ | আপডেট: ৬ আগস্ট ২০১৯ ০০:১১

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি বাতিলের মতো কোনো হঠকারী সিদ্ধান্ত নেওয়া হলে ঢাকা অচল করে দেওয়ার হুমকি দিয়েছেন রাজধানীর সাত সরকারি কলেজের শিক্ষার্থীরা। গতকাল সোমবার ঢাকা কলেজ ক্যাফেটারিয়ায় আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই হুমকি দেন তারা।

সংবাদ সম্মেলনে ঢাবির অধিভুক্ত সরকারি সাত কলেজের সাধারণ শিক্ষার্থীবৃন্দ নামের আন্দোলনের প্রধান সমন্বয়ক আবু বকর অধিভুক্তি বাতিলের দাবিকে ‘অযৌক্তিক’ হিসেবে উল্লেখ করেন। তিনি বলেন, যদি অধিভুক্তি বাতিলের দাবি কেউ করে সেটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা করবেন, যারা এ কার্যক্রম পরিচালনা করেন। অধিভুক্তির জন্য শিক্ষকদের কোনো সমস্যা হচ্ছে না। তাই বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীরা কী নিয়ে বা কার ইন্ধনে কীভাবে আন্দোলন করছে সেটা নিয়ে

প্রশ্ন আছে।

লিখিত বক্তব্যে তিনি আরও বলেন, পূর্বপরিকল্পনা ছাড়াই ২০১৭ সালের ১৬ ফেব্রুয়ারি ঢাকার ঐতিহ্যবাহী সাত কলেজ ঢাকা বিশ্ববিদ্যালয়ে যুক্ত করা হয়। কিন্তু অধিভুক্ত হওয়ার পর থেকে নানা সমস্যা পরিলক্ষিত হচ্ছে। দীর্ঘদিন একাডেমিক কার্যক্রম বন্ধ থাকায় সাত কলেজের শিক্ষার্থীরা দুই বছরের সেশনজটে পড়েছেন। এ অবস্থায় আমরা সাত কলেজের শিক্ষার্থীরা বিভিন্ন সময় গণতান্ত্রিক পন্থায় নিয়মতান্ত্রিক উপায়ে একাডেমিক সমস্যা সমাধানের জন্য আন্দোলন করে আসছি। সেশনজট, ফলাফল বিপর্যয়, একাডেমিক ক্যালেন্ডার প্রকাশের দাবিসহ ৫ দফা দাবিতে গত ২৩ ও ২৪ এপ্রিল আমরা আন্দোলন করি এবং ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন দাবিগুলো দ্রুত বাস্তবায়নের আশ্বাস দেয়। কিন্তু আজও আমরা আমাদের সমস্যার পুরোপুরি সমাধান পাইনি।

advertisement

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন আন্দোলনের সমন্বয়ক কাজী নাসের, শহিদুল ইসলাম, ফৌজিয়া মিথিলা, নূরজাহান শিখা, সুলতানা পারভিন বৃষ্টি, মামুন শিকদার, আশরাফুল ইসলাম আরিফ প্রমুখ।